

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কাহালু, বগুড়া।
(kahaloo.bogra.gov.bd)

স্মারক নং- ০৫.৫০.১০৫৪.০০০.০৯.০০১.২০২৪- ৭৭

তারিখ : ১৬/০১/২০২৪ খ্রিঃ

জলাশয় ইজারার বিজ্ঞপ্তি

এতদ্বারা নিবন্ধনকৃত প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি ও মৎস্যচাষী সহ অন্যান্য নিবন্ধিত সমবায় সমিতি/সংগঠন এর অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ মূলে কাহালু উপজেলার বিভিন্ন ইউনিয়নে সরকারি জলমহাল (২০ একর পর্যন্ত) শর্ত সাপেক্ষে বাংলা ১৪৩১-১৪৩৩ বঙ্গাব্দ পর্যন্ত ০৩(তিন) বছর মেয়াদী ইজারা প্রদানের জন্য নির্ধারিত ফরমে দরপত্র সিডিউলের মাধ্যমে বিজ্ঞপ্তি ও শর্তসমূহের ভিত্তিতে সীলমোহর যুক্ত খামে দরপত্র আহবান করা যাচ্ছে।

০২. উল্লেখ্য যে, jm.lams.gov.bd লিংকে রেজিস্ট্রেশন করার পূর্বেই ৫০০/- টাকার ব্যাংক ড্রাফট পে-অর্ডার করতে হবে। উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি কর্তৃক ২০ একর পর্যন্ত আয়তনের (বদ্ধ) সরকারি জলমহাল ইজারা ব্যবস্থাপনার বর্ষপঞ্জিকা/ সিডিউল নিম্নরূপেঃ

ক্রঃনং	তারিখ	গৃহীত কার্যক্রম
০১	০১ মাঘ থেকে ০৫ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ /১৫ জানুয়ারি থেকে ১৯ জানুয়ারি /২০২৪ খ্রিঃ এর মধ্যে বিজ্ঞপ্তি প্রকাশ।	উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় কর্তৃক বিজ্ঞপ্তির মাধ্যমে সাধারণ আবেদনে সরকারি জলমহাল ইজারার আবেদন আহবান।
০২	০৯মাঘ থেকে ০৩ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ/১৬ ফেব্রুয়ারি থেকে ১৬ ফেব্রুয়ারি ২০২৪ খ্রিঃ এর মধ্যে অনলাইন আবেদন গ্রহণ।	অনলাইনে সরকারি জলমহাল ইজারার আবেদন দাখিল।
০৩	০৩ফাল্গুন ১৪৩০বঙ্গাব্দ/১৬ ফেব্রুয়ারি ২০২৪খ্রিঃ এর পরবর্তী ০৩(তিন) কার্যদিবসের মধ্যে	অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি ও জামানতের মূলকপি সীলগালা মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে দাখিল।
০৪	১৬ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ/২৯ফেব্রুয়ারি ২০২৪ খ্রিঃ এর মধ্যে	অনলাইনে প্রাপ্ত আবেদনসমূহ এবং দাখিলকৃত প্রিন্টেড কপি যাচাই বাছাই।
০৫	২৬ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ/১০ মার্চ ২০২৪ খ্রিঃ এর মধ্যে	উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সভায় উপস্থাপন ও অনুমোদন।
০৬	১০ চৈত্র ১৪৩০ বঙ্গাব্দ/২৪ মার্চ ২০২৪ খ্রিঃ এর মধ্যে	ইজারা অনুমোদনের জন্য জেলা প্রশাসক, বগুড়া বরাবর প্রেরণ (প্রযোজ্য ক্ষেত্রে) এবং জেলা প্রশাসক কর্তৃক অনুমোদন।
০৭	১৭ চৈত্র ১৪৩০ বঙ্গাব্দ/৩১ মার্চ ২০২৪ খ্রিঃ এর মধ্যে	উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক ইজারাদেশ প্রদান ও ইজারাগ্রহীতাকে অবহিতকরণ।
০৮	২৩চৈত্র ১৪৩০ বঙ্গাব্দ/০৬ এপ্রিল ২০২৪ খ্রিঃ এর মধ্যে	ইজারাগ্রহীতা কর্তৃক নির্ধারিত কোর্টে সাকুল্যে ইজারামূল্য ও অন্যান্য করাদি জমা প্রদান এবং ইজারাগ্রহীতার সাথে চুক্তি সম্পাদন
০৯	০১ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ/১৪ এপ্রিল ২০২৪ খ্রিঃ এর মধ্যে	ইজারা গ্রহীতাকে জলমহালের দখল বুঝিয়ে দেয়া।

০৩.অনলাইনে আবেদন দাখিল সংক্রান্ত নির্দেশিকা অনুযায়ী নিবন্ধিত মৎস্যজীবী সমবায় সমিতির সভাপতি/সম্পাদককে মন্ত্রণালয়ের ওয়েব সাইটে অথবা Jm.lams.gov.bd লিংকে রেজিস্ট্রেশন সম্পন্ন করে অনলাইনে আবেদন দাখিল করতে হবে। এ সংক্রান্ত নির্দেশিকা ও শর্তাবলী উক্ত ওয়েব সাইটে আপলোড করা রয়েছে।

০৪. ২৬ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ (০৯ ফেব্রুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ) এর পরবর্তী ০৩(তিন) কার্যদিবসের মধ্যে আবেদনের সকল তথ্যাদি প্রিন্ট কপিসহ জলমহাল ইজারার জন্য জামানতের ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মূলকপি সীলগালা মুখবন্ধ খামে সংশ্লিষ্ট উপজেলায় দাখিল করতে হবে। সীলগালাকৃত উল্লিখিত খামের উপরিভাগ “জলমহাল ইজারা প্রাপ্তির জন্য আবেদন” কথাগুলো স্পষ্টভাবে লিখতে হবে এবং খামের বামপার্শ্বে নিম্নভাগে সমিতির নাম ও ঠিকানা লিখিত থাকতে হবে।

স্বাক্ষরিত/
(মোছাঃ মেরিনা আফরোজ)
উপজেলা নির্বাহী অফিসার

ও

সভাপতি
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
কাহালু, বগুড়া

(বিঃদ্রঃ ভূমি মন্ত্রণালয়ের সরকারী জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ এবং ভূমি মন্ত্রণালয়ের
সায়রাত-০১ অধিশাখার ১৯ ডিসেম্বর ২০২২ খ্রিষ্টাব্দের ৩১.০০.০০০০.০৫০.৬৮.০২০.
০৯(অংশ-২)-৪৮ নং প্রজ্ঞাপন অনুযায়ী সকল বিষয়ে নির্ধারিত।